

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৬৬

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

الْمَشْيُ بِالْجَنَازَةِ وَالصَّلَاةُ عَلَيْهَا

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: أَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِفَرَسٍ مَعْرُورٍ فَرَكِبَهُ حِينَ انْصَرَفَ مِنْ جَنَازَةِ ابْنِ الدَّحْدَاحِ وَنَحْنُ نمشي حوله. رَوَاهُ مُسلم

বাংলা

১৬৬৬-[২১] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, একবার নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জীন ছাড়া একটি ঘোড়া আনা হলো। (এ অবস্থায়ই) তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) ঘোড়ার উপর আরোহণ করলেন। এরপর ইবনু দাহদাহ (রাঃ)-এর জানাযার সালাত (সালাত/নামায/নামাজ) সেরে তিনি ফিরে এলেন। আমরা তাঁর চারপাশে পায়ে হেঁটে চলছিলাম। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৯৬৫, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৮৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু দাহদাহ হলেন সাবিত ইবনু দাহদাহ। তিনি উহুদ যুদ্ধের দিন (রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যু সংবাদ শুনে এবং মুসলিম মুজাহিদদের বিপর্যয় দেখে) সামনে আসলেন এবং হুংকার ছেড়ে বলে উঠলেন, হে আনসারগণ! যুদ্ধে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি শাহীদ হন তবে জেনে রেখ আল্লাহ চিরঞ্জীব, তিনি মৃত্যুবরণ করেন না, সুতরাং তোমরা যুদ্ধ করো তোমাদের দীনের জন্য। তার এ বক্তব্য শুনে আশেপাশে যেসব মুসলিম সেনা ছিলেন তারা অস্ত্রধারণ করলেন এবং বীর বিক্রমে যুদ্ধ করে পরাজয়মুখী মুসলিম বাহিনীকে বিজয়ী করলেন। ইতিমধ্যে খালিদের বর্ষার আঘাতে তিনি শাহীদ হয়ে গেলেন। এটা ঐতিহাসিক ওয়াকিদীর মত। তিনি অন্য আরেকটি ঐতিহাসিক মত তুলে ধরে বলেন, তিনি উহুদ যুদ্ধে আহত হয়ে পরবর্তীতে ৭ম হিজরী সনে ইন্তিকাল করেন। ইবনু হাজার আসকালানী এ মতটাকে প্রাধান্য দিয়েছেন।



রাবীর বর্ণনা- আমরা জানাযার অনুগমনে তার চারপাশ দিয়ে চলছিলাম। আল্লামা নাবাবী (রহঃ) বলেন, এর দ্বারা প্রমাণিত আরোহী নেতার সাথে অনুসারীদের দল পদব্রজে গমন দোষণীয় নয়, যদি কোন সমস্যা না থাকে। সুনানে আবূ দাউদ-এ সাওবান থেকে বর্ণিত। তিনি বলেন, কোন এক জানাযায় গমনকালে নাবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট একটি বাহন এনে দেয়া হলো কিন্তু তিনি তাতে আরোহণ করতে অস্বীকার করলেন। জানাযাহ্ শেষে যখন ফিরতে লাগলেন তখনো তাকে বাহন দেয়া হলো এবার তিনি এতে আরোহণ করলেন। তাকে জিজ্ঞেস করা হলে তিনি বললেন, নিশ্চয় মালায়িকাহ্ (ফেরেশতারা) (জানাযার সাথে) পদব্রজে চলে থাকে। তারা হেঁটে চলছে আর আমি বাহনে উঠে চলতে পারি না। তারা যখন চলে গেছে তখন আমি বাহনে উঠলাম। ইমাম শাওকানী বলেন, এ হাদীসের সানাদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন